

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ৩. ১০. পূর্বপুরুষদের অপরাধে ৪০০ বছর পরের মানুষদের গণহত্যা

মোশি ও যিহোশূরের যুগে আমালেক সম্প্রদায়ের মানুষেরা বনি-ইসরাইলদের সাথে অসদাচরণ করেছিল। ঈশ্বর এ পাপের জন্য ৪০০ বছর পরে ১৫/২০ পুরুষ পরের বংশধরদেরকে নির্মূল করার বিধান দেন: "বাহিনীগণের মাবুদ এই কথা বলেন, ইসরাইলের প্রতি আমালেক যা করেছিল, মিসর থেকে তাদের আসার সময়ে সে পথের মধ্যে তাদের বিরুদ্ধে যেরকম ঘাঁটি বসিয়েছিল, তা আমি লক্ষ্য করেছি। এখন তুমি গিয়ে আমালেকদের আক্রমণ কর ও তার যা কিছু আছে, নিঃশেষে বিনষ্ট কর, তার প্রতি রহম করো না; স্ত্রী ও পুরুষ, বালক-বালিকা ও স্তন্যপায়ী শিশু, গরু ও ভেড়া, উট ও গাধা সকলকেই মেরে ফেলবে।" (১ শমুয়েলের ১৫/২-৩, মো.-১৩)

তাহলে দেখুন! মোশির সাথে মিসর থেকে বের হয়ে আসার পরে, মোশির শিষ্য যিহোশূয়ের সাথে যুদ্ধের সময়ে আমালেকরা ইস্রায়েলীয়দের সাথে অসদাচরণ করেছিল। সে কথা ঈশ্বর ৪০০ বছর ধরে স্মৃতিতে ধরে রেখে ৪০০ বছর পরে তালুতকে (শৌলকে) নির্দেশ দিলেন সেই অসদাচরণের প্রতিশােধ নিতে। আর প্রতিশােধ কত নির্মম! ৪০০ বছর আগে পিতৃপুরুষদের অপরাধে তাদের বালক-বালিকা ও নারী-পুরুষ নির্বিশেষে সকলকে হত্যা করতে হবে!! দুগ্ধপােষ্য শিশুও রক্ষা পাবে না। এমনকি অবলা জীব-জানােয়ারও রক্ষা পাবে না- গরু, মেষ, উট ও গাধা সবই বধ করতে হবে!!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14262

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন